মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২২/০৯/২০২১ ইং তারিখ রোজ মঙ্গলবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮, ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে নারীদের কর্মমূখী প্রশিক্ষণ প্রদান প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুবু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ১৯/০৮/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে নারীদের কর্মমূখী প্রশিক্ষণ প্রদান প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, মেহেরপুর পৌরসভায় জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নে একটি বাজেট করা হয়। এই বাজেটের কর্মপরিকল্পনায় নারীদের কর্মমূখী প্রশিক্ষনের ব্যবস্থা রাখা হয়। কিন্তু নানা কারণে এই প্রশিক্ষণ আয়োজন করা .সম্ভব হচ্ছেনা। কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী কোয়াটারে (অক্টোবর-ডিসেম্বর) একটি কর্মমূখী প্রশিক্ষণ হওয়ার কথা। সভাপতি মহোদয় সভায় অনুরোধ করেন যাতে আগামী কোয়াটারে দরিদ্র ও অসহায় নারীদের জন্য একটি প্রশিক্ষণ আয়োজন করা এবং প্রশিক্ষণ শেষে যাতে তারা আয়বর্ধক কাজে নিয়োজিত হতে পারে সে বিষয়ে ব্যবস্থা নেওয়া। মেয়র মহোদয় এ বিষয়ে সভায় বলেন, আপনারা সবাই জানেন পৌরসভার আর্থিক অবস্থা মোটেই ভাল নয়। এরপর পৌরসভার প্রায় ২৪ মাসের বেতন বকেয়া রয়েছে। তারপরও আগামী কোয়াটারে যাতে অসহায় ও দরিদ্র নারীদের জন্য	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

	একটি কর্মমূখী প্রশিক্ষণের আয়োজন করা যায় তার ব্যবস্থা নেওয়া হবে। তিনি এব্যাপারে বস্তি উন্নয়ন কর্মকর্তাকে একটি প্লান করার জন্য বলেন। প্রশিক্ষনের বিষয় এবং সম্ভাব্য খরচের একটি তালিকা প্রস্তুত করে জানানোর জন্য বলেন। তিনি পৌরসভার সিইও মহোদয়কে সার্বিক বিষয়টি মনিটরিং এর অনুরোধ করেন।	
বিবিধ	এই কমিটির সদস্য জনাবা মোছাঃ শিউলী খাতুন, কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড (সংরক্ষিত) সভায় বলেন, মেহেরপুর শহরের অনেক নারী দালালের ক্ষপরে পড়ে কাজের উদ্দেশ্যে বিদেশ যাওয়ার জন্য দালালের নিকট অর্থ দেন। দালালেরা এই সব নারীদের অনেক সময় বিদেশে নিয়ে কাজ না দিয়ে হয়রানি করেন এবং নানা ভাবে নির্যাতনের শিকার হন। অনেক সময় বিদেশে না নিয়ে অর্থ আত্বস্বাত করেন। এব্যাপারে পৌরসভার পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। তিনি বিষটি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। মেয়র মহোদয় সভায় বলেন, বিষয়টি খুবই স্পর্শকাতর এবং অমানবিক। এহেন পরিস্থিতির কবলে পড়ে কেউ যদি পৌরসভায় বিচার প্রার্থনা করেন তাহলে তার উপযুক্ত বিচার পৌরসভা করবে। পৌরসভার আইন ও শালিশী বোর্ড এবং নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটিকে তিনি এ বিষয়ে কোন রকম গাফিলতি না করে কঠোর পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন। এছাড়া সকল নারীদের এ বিষয়ে সচেতন হওয়ার আহবান জানান।সর্বপরি তিনি এবিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।	পৌর পরিষদ

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(হামিদা)
মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
২. জনাব ...., সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২২/০৯/২০২১ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	২২/০৯/২১
৮	মোঃ মোশারফুল ইসলাম	CDA (UGIIP3)	
৯			